চুয়াডাঙ্গায় মহান স্বাধীনতা দিবসের কুচকাওয়াজের প্রস্তুতি মহড়া

চুয়াডাঙ্গায় মহান স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক কুচকাওয়াজের মহড়া অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল নয়টার সময় চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে এই কুচকাওয়াজের মহড়া অনুষ্ঠিত হয়। প্রস্তুতি মূলক কুচকাওয়াজ মহড়ায় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের বিজ্ঞ সিনিয়র সহকারী কমিশনার ও নেজারত ডেপুটি কালেক্টর (এনডিসি) সাইফুল ইসলাম সাইফ।

প্রস্তুতিমূলক কুচকাওয়াজ মহড়ায় মার্চ পাস্ট করেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ, আনসার ভিডিবি, বিএনসিসি, রোভার স্কাউট, গার্লস গাইডস সহ বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার নাঈম আব্দুল্লাহ, সহকারী কমিশনার শহিদুল ইসলাম, সহকারী কমিশনার ফাহাদ চৌধুরী।

আগামী ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে জেলা প্রশাসনের আয়োজন কুচকাওয়াজ ও ডিসপ্লে অনুষ্ঠিত হবে। কুচকাওয়াজ ও ডিসপ্লে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার সহ জেলার বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের প্রধান ও কর্মকর্তা বৃন্দ।

জীবননগরে মহান স্বাধীনতা দিবস

পালিত

জীবননগরে বিভিন্ন অনুষ্ঠান উদ্দিপনার মধ্যে দিয়ে ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস পালিত হয়েছে। মঙ্গলবার সকালে ৩১বার তোপধ্বনির মধ্যে দিয়ে শুরু হয় ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবসের শুভ সূচনা ।

পরে সকাল ৮টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে জীবননগর থানা পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহনের মাধ্যমে কুচকাওয়াজ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাফিজুর রহমান।বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম,জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম,সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল,জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোর্তুজা,জীবননগর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মোশারফ হোসেন,জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)এস,এম জাবিদ হাসান প্রমুখ

মেহেরপুরে নানা আয়োজনে পালিত হচ্ছে স্বাধীনতা দিবস

মেহেরপুরে নানা আয়োজনে মধ্য দিয়ে পালিত হচ্ছে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস। মঙ্গলবার (২৬ মার্চ) সকালে সার্কিট হাউজ প্রাঙ্গণে তোপধ্বনির মাধ্যমে দিবসের সূচনা হয়।

মেহেরপুর স্টেডিয়ামে জেলা প্রশাসক শামীম হাসান জাতীয় সংগীতের তালে তালে জাতীয় পতাকা উত্তোলন করেন। এ সময় সেখানে কুচকাওয়াজ ও

শরীরচর্চা প্রদর্শন করা হয়।

মহান স্বাধীনতা দিবসের প্যারেডে অংশগ্রহণ করে বাংলাদেশ পুলিশ,জেল পুলিশ,ফায়ার সার্ভিস, আনসার ও ভিডিপি, বিএনসিসি সরকারি কলেজ, বিএনসিসি সরকারি মহিলা কলেজ,সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়,জিনিয়াস ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ সহ বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীরা মহড়ায় অংশগ্রহণ করেন।

এ সময় জেলা প্রশাসক মোঃ শামীম হাসান ও পুলিশ সুপার এস এম নাজমুল হক প্যারেড পরিদর্শন ও সালাম গ্রহণ করেন।

পরে তারা শান্তির প্রতীক পায়রা ওড়ান এবং জেলা প্রশাসক মেহেরপুর বাসীর উদ্দেশ্যে ভাষণ দেন। পরে সেখানে মনোজ্ঞ শরীরচর্চা প্রদর্শন ও বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

এ সময় স্থানীয় সরকার উপ-পরিচালক শামীম হোসেন,অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ আব্দুল কাদির মিয়া,সিনিয়র সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোছাঃ রনী খাতুন, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট গোলাম রাব্বানী সোহেল,বীর মুক্তিযোদ্ধা আব্দুল হালিমসহ সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

মহান বিজয় দিবস উপলক্ষে চুয়াডাঙ্গা স্টেডিয়ামে কুচকাওয়াজ অনুষ্ঠিত

মহান বিজয় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়াম মাঠে সকাল আটটার সময় আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন এবং কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন, কবুতর অবমুক্ত ও আকাশে ফেস্টুন ব্যানার উড্ডয়ন করেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার ড. কিসিঞ্জার চাকমা ও চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম-সেবা।

বিজয় দিবসের প্যারেড অধিনায়ক আর আই পুলিশ লাইন্স মোঃ আমিনুল ইসলামের নেতৃত্বে বাংলাদেশ পুলিশ, আনসার-ভিডিপি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কারারক্ষী, বিএনসিসি, সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত স্কুল, কলেজ, মাদ্রাসাসহ বিভিন্ন শিক্ষা ও সামাজিক প্রতিষ্ঠান, রোভার স্কাউট, গালর্স-ইন-স্কাউটিং, বিভিন্ন সাংস্কৃতিক প্রতিষ্ঠান কর্তৃক মনোজ্ঞ কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়।

কুচকাওয়াজ অনুষ্ঠান শেষে বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থীদের অংশগ্রহণে স্বাধীনতা সংগ্রামের ঘটনা প্রবাহের উপর মনমুগ্ধকর শরীরচর্চা প্রদর্শনী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠান শেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার প্রদান করা হয়।

মেহেরপুরে নানা আয়োজনে পালিত হচ্ছে বিজয় দিবস

মেহেরপুরে নানা আয়োজনে মধ্য দিয়ে পালিত হচ্ছে বিজয় দিবস। শনিবার (১৬ ই ডিসেম্বর) সকালে সার্কিট হাউজ প্রাঙ্গণে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসের সূচনা হয়।

মেহেরপুর স্টেডিয়ামে জেলা প্রশাসক শামীম হাসান জাতীয় সংগীতের তালে তালে জাতীয় পতাকা উত্তোলন করেন। এ সময় সেখানে কুচকাওয়াজ ও শরীরচর্চা প্রদর্শন করা হয়।

মহান স্বাধীনতা দিবসের প্যারেডে অংশগ্রহণ করে বাংলাদেশ পুলিশ,জেল পুলিশ,ফায়ার সার্ভিস, আনসার ও ভিডিপি,বিএনসিসি সরকারি কলেজ, বিএনসিসি সরকারি মহিলা কলেজ,সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়,জিনিয়াস ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ সহ বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীরা মহড়ায় অংশগ্রহণ করেন।

এ সময় জেলা প্রশাসক শামীম হাসান ও পুলিশ সুপার এস এম নাজমুল হক প্যারেড পরিদর্শন ও সালাম গ্রহণ করেন।
পরে তারা শান্তির প্রতীক পায়রা ওড়ান এবং জেলা প্রশাসক মেহেরপুর বাসীর উদ্দেশ্যে ভাষণ দেন। পরে সেখানে মনোজ্ঞ শরীরচর্চা

প্রদর্শন ও বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

এ সময় স্থানীয় সরকার উপ-পরিচালক শামীম হোসেন,অতিরিক্ত জেলা প্রশাসক লিউজা-উল-জান্নাহ,অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ আব্দুল কাদির মিয়া,সিনিয়র সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোছাঃ রনী খাতুন, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট গোলাম রাব্বানী সোহেল মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড.মোঃ রবিউল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা আব্দুল হালিম,সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলামসহ সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।